গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.doict.gov.bd

বিষয়: ৪র্থ জাতীয় উন্নয়ন মেলার অংশ হিসেবে ঢাকা জেলার মেলাতে অংশগ্রহণ সংক্রান্ত্র সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব জনাব এ কে এম খায়রুল আলম, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
তারিখ ও সময় : ০১ অক্টোবর ২০১৮, সকাল ১০:০০ ঘটিকা
স্থান : সভাকক্ষ, আইসিটি অধিদপ্তর
উপস্থিতি : পরিশিষ্ট ‘ক’

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সকলকে অবগত করেন যে, আইসিটি বিভাগের গত ৩০/০৯/২০১৮ খ্রিস্টাব্দ তারিখের ৫৬.০০.০০০০.০২৬.২৯.০১৯.১৬-১১৪ নং স্মারকমূলে আগামী ৪-৬ অক্টোবর ২০১৮ দেশব্যাপী অনুষ্ঠিতব্য ‘৪র্থ জাতীয় উন্নয়ন মেলা’র অংশ হিসেবে শেরে বাংলা নগরস্থিত আন্তর্জাতিক বাণিজ্য মেলার মাঠে ঢাকা জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত মেলায় অংশগ্রহণসহ স্টলটি দৃষ্টিনন্দন, তথ্যবহুল ও বর্ণাঢভাবে উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। তৎপ্রেক্ষিতে উক্ত মেলায় স্টলটি দৃষ্টিনন্দন, তথ্যবহুল ও বর্ণাঢভাবে উপস্থাপনের জন্য সকলের কাছে মতামত চাওয়া হয়। স্টলের নমুনা উপস্থাপনের জন্য বলা হয়। অতঃপর উপস্থাপিত সকলের মতামত, স্টলের নমুনা ও অন্যান্য বিষয়ে বিস্তারিত পর্যালোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। | অডিও ভিজ্যুয়াল | (ক) ডিজিটাল বাংলাদেশের ৪টি স্তম্ভের উপর নির্মিত অডিও ভিজ্যুয়াল মেলা প্রদর্শন।<br>(খ) পাশাপাশি সংস্থাসমূহের ও প্রকল্প অফিসের নিজ নিজ তাৎপর্যপূর্ণ তথ্যবহুল অডিও ভিজ্যুয়ালও প্রদর্শন করতে হবে।<br>(গ) সকল সংস্থা ও প্রকল্প অফিসকে তাৎপর্যপূর্ণ তথ্যবহুল অডিও ভিজ্যুয়াল আইসিটি অধিদপ্তরের প্রশাসন শাখায় ১১২২ নং রুমে প্রেরণ করতে হবে। | সকল সংস্থা ও প্রকল্প অফিস |
| ২। | ব্রশিউর/ লিফলেট/প্রকাশনা মেলায় প্রদর্শন ও বিতরণ | সকল সংস্থা ও প্রকল্প অফিস তাদের নিজ নিজ উন্নয়নমূলক কার্যক্রমে ব্রশিউর/ লিফলেট/প্রকাশনা মেলায় প্রদর্শন ও বিতরণ করবেন। | সকল সংস্থা ও প্রকল্প অফিস |
| ৩। | স্টল ডিজাইন | ‘৪র্থ জাতীয় উন্নয়ন মেলা’র স্টলটি দৃষ্টিনন্দন, তথ্যবহুল ও বর্ণাঢভাবে উপস্থাপনের জন্য ০৩টি প্রতিষ্ঠানকে তাদের ডিজাইন উপস্থাপন করে। সকল ডিজাইন মাননীয় মন্ত্রী মহোদয়কে দেখানোর সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক অনুমোদন পাওয়া গিয়েছে। | ১। আইসিটি অধিদপ্তর<br>২। এটুআই |
| ৪। | এক্স-ব্যানার ও ফেস্টুন | সকল সংস্থা ও প্রকল্প অফিস তাদের নিজ নিজ উন্নয়নমূলক কার্যক্রমের এক্স-ব্যানার ও ফেস্টুন প্রদর্শন করবেন। | সকল সংস্থা ও প্রকল্প অফিস |
| ৫। | অর্জিত সাফল্য/ পুরস্কার/ আন্তর্জাতিক স্বীকৃতি বিষয়ক প্রচারণা | • মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক “ডিজিটাল বাংলাদেশ” বিনির্মাণ তথা আইসিটি সেক্টরে অর্জিত সাফল্য/পুরস্কার/আন্তর্জাতিক স্বীকৃতিত তথ্য স্থিরচিত্র অডিও ভিজ্যুয়াল আকারে মেলায় প্রদর্শন করা হবে।<br>• আইসিটি বিভাগের জন্য ডিজিটাল বাংলাদেশের ৪টি স্তম্ভের উপর নির্মিত ৪টি অডিও ভিজ্যুয়াল এবং সম্বলিত ৭.২০ মিনিটের অডিও ভিজ্যুয়াল প্রেরণ করা হয়েছে। | আইসিটি অধিদপ্তর |
| ৬। | MDG ও SDG অর্জনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের গৃহীত উদ্যোগ / কার্যক্রম বিষয়ক | ক. মেলায় মানসম্মত শিক্ষা (SDG Goal-4) প্রদানের নিমিত্ত শেখ রাসেল ডিজিটাল ল্যাব কর্তৃক গৃহীত কার্যক্রমের ব্রশিউর মেলায় বিতরণ করা হবে এবং এভি’র মাধ্যমে মেলায় প্রদর্শন করতে হবে।<br>খ. নারীর ক্ষমতায়ন (SDG Goal-5) এর উপর আইসিটি অধিদপ্তর কর্তৃক গৃহীত “প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন” শীর্ষক প্রকল্পের মাধ্যমে গৃহিত কার্যক্রম ব্রশিউরের আকারে মেলায় বিতরণ করতে হবে। | ১। আইসিটি অধিদপ্তর<br>২। এটুআই |

| ক্রমিক | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | | গ. অবকাঠামো উন্নয়ন (SDG Goal-9) অর্জনে হাইটেক পার্ক, বিসিসি, সিসিএ , এটুআই ও আইসিটি অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়নমূলক কার্যক্রম মেলায় প্রদর্শন ও ব্রশিউর/লিফলেট আকারে বিতরণ করতে হবে। | |
| ৭। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের রঙ্গিন ভিডিও চিত্র প্রদর্শন | মেলায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের রঙ্গিন ভিডিও চিত্র প্রদর্শন করা হবে। সেলক্ষ্যে মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণকে '৪র্থ জাতীয় উন্নয়ন মেলা' উপলক্ষে করণীয় সম্পর্কিত পত্রের মাধ্যমে নির্দেশনা প্রেরণ করা হবে। ইতোমধ্যে আইসিটি বিভাগের গত ১৬/০৯/২০১৮ নং তারিখের ৫৬.০০.০০০০.০২৬.২৯.০১৯.১৬-১০৪ নং স্মারকমূলে প্রাপ্ত কার্যবিবরণী মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণের অবহতির নিমিত্ত আইসিটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ এবং ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের রঙ্গিন ভিডিও চিত্রটি আপলোড করা হয়েছে। | ঐ |
| ৮। | ভ্রাম্যমান প্রশিক্ষণ বাস | মেলা প্রাঙ্গণে সার্বক্ষণিক লার্নিং এন্ড আর্নিং প্রকল্পের একটি ভ্রাম্যমান প্রশিক্ষণ বাস রাখার ব্যাবস্থা করতে হবে। | লার্নিং এন্ড আর্নিং প্রকল্প |
| ৯। | স্টল পরিদর্শন | ০২/১০/২০১৮ খ্রিস্টাব্দ তারিখে বিকাল ৪.০০ ঘটিকায় মেলা প্রাঙ্গণ পরিদর্শন করে আপডেট দিতে হবে। | ১। জনাব মোঃ ওয়াদুদুর রহমান, প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর।<br>২। এটুআই এর প্রতিনিধি |
| ১০। | দায়িত্ব প্রদান | ৪-৬ অক্টোবর ২০১৮ পর্যন্ত মেলাটি সুষ্ঠু ও সফলভাবে সম্পন্নের লক্ষ্যে সকল সংস্থা হতে ০২ হতে ০৪ জনের প্রতিনিধির নাম আইসিটি অধিদপ্তরের প্রশাসন শাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | আইসিটি অধিদপ্তর। |
| ১১। | বাজেট | ঢাকা জেলার স্টলটি সজ্জিতকরণ, দৃষ্টিনন্দন এর ব্যয় আইসিটি অধিদপ্তরের অনুষ্ঠান /উৎসবাদি বাজেট খাত হতে নির্বাহ করা হবে। | আইসিটি অধিদপ্তর। |
| ১২। | মনিটরিং ও সমন্বয় | মেলা সুষ্ঠুভাবে আয়োজনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক ঢাকা জেলার জন্য গঠিত মনিটরিং টিম সার্বক্ষণিক মেলার কার্যাদি মনিটরিং করবে। | গঠিত টিম |
| ১৩। | অন্যান্য | কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্যান্য সিদ্ধান্ত পালন করতে হবে। | সকল সংস্থা |

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**স্বাক্ষরিত/-**

এ কে এম খায়রুল আলম
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোনঃ ০২৮১৮১-১০০(অফিস)
ইমেইলঃ- dg@doict.gov.bd

স্মারক নং -৫৬.০৪.০০০০.০০৮.২৯.০১৩.১৮. ১০২৯ তারিখঃ ১৬ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ / ০১ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪। নিয়ন্ত্রক, কন্ট্রোলার আওব সার্টিফাইং অথিরিটিজ (সিসিএ), আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৫। প্রকল্প পরিচালক (সকল)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন অনুবিভাগ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪। পরিচালক (অর্থ ও প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৫। ড. মুহাম্মদ মেহেদী হাসান, উপসচিব (আইসিটি প্রমোশন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৬। মন্ত্রীর একান্ত সচিব, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। উপ-পরিচালক (অর্থ/ প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন/ সিস্টেম ও প্রশিক্ষণ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
১০। সিস্টেম্স ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
১১। প্রোগ্রামার, ঢাকা/রাজশাহী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
১২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
১৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪। অফিস নথি/ মাস্টার ফাইল।


মোস্তাইন বিল্লাহ
(উপসচিব)
উপ-পরিচালক (প্রশাসন)
ফোনঃ ০২-৮১৮১২৬৫ (অফিস)
ই-মেইলঃ ddadmin@doict.gov.bd